নথি নং $\frac{১ই}{৪}$ কল-২০/২০২১

বিভাগীয় মামলা নং-০৯/২০২১

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(সাধারণ ও সংস্থাপন শাখা)

www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ৯৭ (পি এন্ড ডি) তারিখঃ ১৭/০৯/২৬

আদিষ্ট হয়ে অত্র কোর্টের সাবেক অফিস সহকারী জনাব মোহাম্মদ গোলাম মাওলা কে জানানো যাচ্ছে যে, আপনি জাল জালিয়াতির মাধ্যমে সৃজিত শিক্ষাগত যোগ্যতার সনদের ভিত্তিতে অত্র কোর্টের অফিস সহকারী পদে চাকুরি লাভ করেন ফলে চাকরিকালে রুজুকৃত ০৯/২০২১ নং বিভাগীয় মামলায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 4(1)(f) মোতাবেক অফিস আদেশ নং ১৩ (পি এন্ড ডি) তারিখ: ২১/০১/২০২৬ খ্রি. স্মারক নং-৬৪০(১-৯) জি,ই,এস তারিখ ২১/০১/২০২৬ খ্রি. মূলে আপনাকে চাকুরি হতে অপসারণ (removal from service) করা হয়। আপনার চাকরি শুরু থেকেই বাতিল (Void ab initio) মর্মে গণ্য হয়। সে হিসেবে আপনি আপনার চাকরিকালে কোনো বেতন ভাতাদি প্রাপ্য হন না। আপনি গত ৩১.০১.২০০৭ খ্রি. হতে ৩১.১২.২০২৫ খ্রি. পর্যন্ত মোট ৪২,০৩,৯০১/- (বিয়াল্লিশ লক্ষ তিন হাজার নয়শত এক) টাকা বেতন ভাতাদি বাবদ উত্তোলন করছেন। যেহেতু আপনার চাকরি শুরু থেকেই বাতিল (Viod ab initio) মর্মে গণ্য করা হয় এবং যেহেতু আপনি কোনো বেতন ভাতাদি প্রাপ্য হন না সেহেতু, আপনার উত্তোলনকৃত বেতন ভাতাদি বাবদ মোট ৪২,০৩,৯০১/- (বিয়াল্লিশ লক্ষ তিন হাজার নয়শত এক) টাকা Automated challan system এর মাধ্যমে আগামী ৩০ দিনের মধ্যে সরকারি কোষাগারে ফেরত প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

আদেশক্রমে<br>
স্বা/-<br>
তাং- ১৫/৯/২৬<br>
ডেপুটি রেজিস্ট্রার<br>
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)<br>
ফোন: ০২-৫৫১১০৪৪১।

স্মারক নং- ৮৭২৬ জি,ই,এস তারিখ: 17 SEP 2026

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
২। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।<br>
৩। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।<br>
৪। সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
৫। ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।<br>
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএএফও/বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং ৫২৮, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।<br>
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
৯। কোর্ট কীপার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
১০। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
১১। সুপারিনটেনডেন্ট, আদান-প্রদান শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (১৩নং ক্রমিকের ঠিকানায় আদেশের কপি এডিসহ আর.পি যোগে প্রেরণের অনুরোধ সহ)<br>
১২। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।<br>
১৩। জনাব মোহাম্মদ গোলাম মাওলা, পিতা- মোহাম্মদ গোলাম মোস্তফা, ৩১/সি ফ্রি স্কুল স্ট্রীট, হাতিরপুল, নিউমার্কেট, ধানমন্ডি, ঢাকা।<br>
১৪। পি এন্ড ডি (সংরক্ষণের জন্য)।

(মোঃ অলি উল্লাহ)<br>
সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন)<br>
ফোন: ০২২২৩৩৮১৯৩২

D:\GES MD. SHAKIL MIAH\PROCEEDING SHIMUL\17 বিভাগীয় মামলা নিষ্পত্তি.DOCX